

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং-মিই/প্রশা-৩৪/০৫/২০১৪/ ৪৫২২

তারিখ : ২৭/০৫/২০১৯ খ্রি:

দপ্তর আদেশ


পবিত্র "ঈদ-উল-ফিতর" ২০১৯ উপলক্ষে আগামী ০৫/০৬/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত মিল্ক ইউনিয়নের কর্মে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা, প্রেষণে নিযুক্ত সরকারি কর্মকর্তা, স্থায়ী শ্রমিক-কর্মচারী, চিঠিপ্রাপ্ত দৈনিক ভিত্তিক ও চিঠিবিহীন তালিকাভুক্ত শ্রমিক, বিভিন্ন দুগ্ধ এলাকার এল.এফ.এ.আই, ইমাম/খন্ডকালীন চিকিৎসক, মিল্ক ভিটা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (বাঘাবাড়ীঘাট) এর শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীসহ সর্বমোট ২,১১২ জনকে কম্প্লিমেন্টারী হিসেবে জনপ্রতি ৪০০ গ্রাম ঘি টিন এবং ৪০০ গ্রাম ননীযুক্ত গুঁড়ো দুধ বিতরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সংগে মিল্ক ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যগণকে কম্প্লিমেন্টারী হিসেবে জনপ্রতি ৯০০ গ্রাম ঘি টিন এবং ০২(দুই) কেজি ননীযুক্ত গুঁড়ো দুধ বিতরণের জন্য অনুরোধ করা হলো।

- ক) বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা ও দুগ্ধ এলাকা/ভানুড়া/লাহিড়ীমোহনপুর/লাহিড়ীমোহনপুর গো-খাদ্য কারখানা/রংপুর/নাটোর/গাবতলী/নওগাঁ/শ্রীশ্রীদী/পদ্মগড়/চিরিবন্দর/শাহজাদপুর পূর্বাঞ্চল/ঠাকুরগাঁও/জলঢাকা/বদরগঞ্জ/পীরগঞ্জ/ভেড়ামারা/কুমারখালী/দৌলতপুর/বাঘা/গঙ্গাচড়া দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে বর্তমানে কর্মরত কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারী, মিল্ক ভিটা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বাঘাবাড়ীঘাট এর শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী, কারখানার খন্ডকালীন চিকিৎসক, ইমাম এবং এল.এফ.এ.আইগণের জন্য বরাদ্দকৃত ঘি ও গুঁড়ো দুধ বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উপ-মহাব্যবস্থাপক (বিডিপি) যথাযথভাবে উল্লিখিত পণ্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- খ) ঢাকা দুগ্ধ কারখানা পরিসরে অবস্থিত সকল বিভাগ/শাখা সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ বিক্রয় কেন্দ্র, ডিডিপি হতে এবং সিলেট/চট্টগ্রাম বিক্রয় কেন্দ্র/সদ্বীপ/টিঙ্গাইল/মানিকগঞ্জ/শ্রীনগর/রায়পুর/মহিষ প্রকল্প/ভেড়ব/ইসলামপুর/রামগঞ্জ/শিবপুর/জামালপুর/সুর্বচর/সোনগাজী/শ্রীপুর/ত্রিশাল/মতলব/মাদারগঞ্জ/ধনবাড়ী/পটিয়া/রামগতি/পারবহলীচর/নবাবগঞ্জ/শেরপুর দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ একজন কর্মচারী পাঠিয়ে বর্তমানে কর্মরত কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারী, কারখানার খন্ডকালীন চিকিৎসক, ইমাম এবং এল.এফ.এ.আইগণের জন্য বরাদ্দকৃত ঘি ও গুঁড়ো দুধ বিপণন বিভাগ, ডিডিপি হতে গ্রহণ করবেন। উপ-মহাব্যবস্থাপক (বিপণন), ডিডিপি যথাযথভাবে উল্লিখিত পণ্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- গ) টেকেরহাট দুগ্ধ কারখানা পরিসরে অবস্থিত সকল বিভাগ/শাখা সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ বিক্রয় কেন্দ্র, টেকেরহাট হতে এবং টুঙ্গীপাড়া/খুলনা/ফকিরহাট/বাবুগঞ্জ/সাতক্ষীরা/দেবহাটা/গলাচিপা/আগৈলঝাড়া/ভোলা/ঝালকাঠি/বোয়ালমারী/কোটালীপাড়া/শিবচর/কাশিয়ানী/অভয়নগর/ঝি করগাঁছা/কেশবপুর/তাল্লা/পাংশা/টেকেরহাট মহিষ প্রকল্প/শার্শা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ একজন কর্মচারী পাঠিয়ে বর্তমানে কর্মরত কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীগণ, কারখানার খন্ডকালীন চিকিৎসক, ইমাম ও এল. এফ. এ.আইগণের জন্য বরাদ্দকৃত ঘি ও গুঁড়ো দুধ বিপণন বিভাগ, টেকেরহাট দুগ্ধ কারখানা হতে গ্রহণ করবেন। ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক, টেকেরহাট দুগ্ধ কারখানা যথাযথভাবে উল্লিখিত পণ্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঘ) প্রধান কার্যালয়ের সকল দপ্তর/বিভাগ/শাখার কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীগণ এবং ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ প্রধান কার্যালয়ের বিক্রয় কেন্দ্র হতে তাঁদের জন্য বরাদ্দকৃত ঘি ও গুঁড়ো দুধ গ্রহণ করবেন। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বিপণন), প্রধান কার্যালয় যথাযথভাবে উল্লিখিত পণ্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বর্ণিত অবস্থায়, বরাদ্দকৃত ঘি ও গুঁড়ো দুধ বিতরণের পর নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ সরবরাহকৃত পণ্যের তালিকা প্রস্তুত পূর্বক (চিঠিপ্রাপ্ত দৈনিক ভিত্তিক ও চিঠিবিহীন তালিকাভুক্ত শ্রমিক এর নাম ও পিতার নামসহ) এক প্রস্থ প্রশাসন ও মানব সম্পদ বিভাগে এবং এক প্রস্থ অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য : ভুলক্রমে কোন ব্যক্তির বা স্থানের নাম বাদ পড়লে তা সংশোধনযোগ্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-


তোফায়েল আহম্মদ

মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি -অ: দা:)



বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

১. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি -অ: দা:/পরিকল্পনা, কারিগরি ও বিপণন -অ:দা:)
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) -----
৩. উপ-মহাব্যবস্থাপক (সকল) -----
৪. ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)-----
৫. চেয়ারম্যান, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সকল নোটিশ বোর্ড;
৮. অফিস নথি।